

**AKASHVANI (AIR)**

**RNU : KOLKATA**

**Bengali Text Bulletin**

**Date: 01.11.2024**

**Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) কালীপূজোর রাতে রাজ্য জুড়ে নিষিদ্ধ শব্দবাজি ফাটানো ও অভব্য আচরণের অভিযোগে গ্রেপ্তার ২৯২ জন। প্রশাসনের নজরদারি সত্ত্বেও শব্দ তান্ডব বন্ধ করা যায়নি।

# বেলুড় মঠে আজ ভোর পর্যন্ত চলে পূজার্চনা।

২/ পূর্ব বর্ধমানের নাদনঘাটে কালীপূজোর রাতে বেপোরোয়া গতির বলি হলেন চারজন। একজনের অবস্থা আশঙ্কাজনক।

৩/ এবার থেকে রাজ্যের পুরএলাকা গুলিতে বিল্ডিং প্ল্যানের আবেদন এবং অনুমোদন শুধুমাত্র অনলাইনেই করা যাবে।

৪/ দূরপাল্লার ট্রেনে সংরক্ষিত আসনে টিকিট বুকিং-এর সময়সীমা দু'মাস করার সিদ্ধান্ত কার্যকরী হচ্ছে আজ থেকে।

৫/ ইস্টবেঙ্গল আজ এ এফ সি চ্যালেঞ্জ লিগে, গ্রুপ-এ-র ম্যাচে লেবাননের নেসমেহ্ এফ সি-র মুখোমুখি হবে।

\*\*\*\*\*

কালীপুজো রাতে রাজ্য জুড়ে শব্দবাজির দাপট বন্ধ করা গেল না। সুপ্রিম কোর্টের নিষেধাজ্ঞা পুলিশের আশ্বাস সত্ত্বেও রাজ্যের বিভিন্ন জেলায়, রাত হতেই দেদার বাজি ফাটার খবর পাওয়া গেছে।

লালবাজার সূত্রে জানানো হয়েছে, গতকাল রাত বারোটা পর্যন্ত কলকাতায় নিষিদ্ধ বাজি ফাটানোর দায়ে ১১৭ জনকে গ্রেফতার করা হয়েছে। রাস্তায় অভব্য আচরণের জন্য ধরা হয়েছে ১৭৫ জনকে।

এদিকে, গতকাল শহর ও জেলার বহু পুজো প্যাণ্ডেলেই রাতভর চলে মাতৃআরাধনা। বেলুড় মঠে ভোরে পুজো পাঠ শেষ হয়। জেলা এবং কলকাতা শহরের বড় পুজোগুলোতে ছিল দর্শনার্থীদের ভিড়।

\*\*\*\*\*

পূর্ব বর্ধমানের নাদনঘাটে কালীপুজোর রাতে বেপোরোয়া গতির বলি হলেন চারজন। একজনের অবস্থা আশঙ্কাজনক।

পুলিশ সূত্রে জানা গেছে, হাটসিমলার STKK মোড়ে গতকাল রাত ৯টা নাগাদ একটি বাইকের সঙ্গে পিক আপ ভ্যানের মুখোমুখি সংঘর্ষে পাঁচজন গুরুতর আহত হন। তাঁদের কালনা হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসক চারজনকে মৃত ঘোষণা করেন।

মৃত আব্দুল সেলিম মোল্লা, নামাজ আলি মন্ডল, আবু বক্কর সিদ্দিকি মন্ডল এবং আরিফ শেখ, সকলেরই বাড়ি নাদনঘাট থানা এলাকায়। দ্রুত গতিতে আসা বাইকটি এক মহিলাকে ধাক্কা মারার পর উল্টোদিক থেকে আসা পিক আপ ভ্যানটিকে সজোরে ধাক্কা মারলে এই দুর্ঘটনা ঘটে। পিক আপ ভ্যানটি কালনা থেকে নবদ্বীপে যাচ্ছিল।

\*\*\*\*\*

এবার থেকে রাজ্যের পুর এলাকাগুলিতে বিল্ডিং প্ল্যানের আবেদন এবং অনুমোদন শুধুমাত্র অনলাইনে মিলবে। অফলাইনে আবেদনের প্রক্রিয়া পুরোপুরি বন্ধ করে দেওয়া হচ্ছে। আগামী বছরের শুরু থেকে নতুন ব্যবস্থা চালু হয়ে যাবে বলে পুর ও নগরোন্নয়ন দফতর সূত্রে জানা গিয়েছে। সরাসরি পুরসভায় গিয়ে বিল্ডিং প্ল্যানের আবেদন করা ও তার অনুমোদন করিয়ে আনা এবার থেকে আর হবে না। অফলাইনে

বিল্ডিং প্ল্যানের আবেদন ও অনুমোদনে দুর্নীতির সম্ভাবনা থাকে, তা' দূর করতেই এই সিদ্ধান্ত। আগামী বছর এপ্রিল মাস থেকে একই নিয়ম রাজ্যের পঞ্চায়েত এলাকাতেও চালু হবে।

উল্লেখ্য, ২০২১ সালের নভেম্বর মাসে রাজ্যজুড়ে অনলাইনে বিল্ডিং প্ল্যান অনুমোদনের পরিষেবা চালু হয়েছে। তার পরেও অধিকাংশ পুরসভায় পুরোনো ব্যবস্থা অনুযায়ী অফলাইনে বিল্ডিং প্ল্যান অনুমোদন পাচ্ছে। এই প্রবণতা বন্ধ করতে চাইছে রাজ্য।

\*\*\*\*\*

জলপথে পণ্য পরিবহণ বাড়ানোর লক্ষ্যে রাজ্য সরকার বিশ্ব ব্যাঙ্কের আর্থিক সহায়তায় মাস্টার প্ল্যান তৈরির কাজে হাত দিয়েছে। ২০৫০ সালে রাজ্যের জনসংখ্যা বৃদ্ধির সম্ভাব্য পরিমাণের সঙ্গে সাযুজ্য রেখেই কলকাতা মহানগরির জলপথ পরিবহণকে আরও আধুনিক করার পরিকল্পনা নেওয়া হয়েছে। রাজ্যের পুর ও নগরোন্নয়ন দফতর ও পরিবহণ দফতর যৌথভাবে এই কাজ করবে।

অন্যদিকে, স্থলপথে দূষণ কমাতে ব্যাটারি, বায়ো ডিজেল ও বিদ্যুৎ চালিত গাড়ির ব্যবহার বাড়ানোর পরিকল্পনা, কলকাতা বন্দরকে কাজে লাগিয়ে পণ্য পরিবহণ বাড়ানোর ওপরেও জোর দেওয়া হবে। পরিবহণমন্ত্রী স্নেহাশিস চক্রবর্তী বলেন, রাস্তায় যে ভাবে গাড়ির চাপ বাড়ছে তাতে জলপথই বিকল্প, সেজন্যেই এই মাস্টার প্ল্যান।

তিনি বলেন, সুন্দরবনের বহু প্রত্যন্ত এলাকায় রো-রো ভেসেল পরিষেবা চালু হচ্ছে। কলকাতা সহ বিভিন্ন জেলায় অনেক নতুন জেটি তৈরি করা হচ্ছে বলে তিনি জানান।

\*\*\*\*\*

সংশোধিত ও নতুন সচিত্র ভোটার তালিকার খসড়া আগামী বছর ৬ই জানুয়ারি সরকারিভাবে ঘোষণা করা হবে। এই সিদ্ধান্তের কথা জাতীয় নির্বাচন কমিশনের তরফে সমস্ত রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে জানিয়ে দেওয়া হয়েছে। চলতি মাসের ২৫শে ডিসেম্বরের আগে খসড়া তৈরির কাজ সম্পূর্ণ করতে নির্দেশ দেওয়া হয়েছে।

আগামী ১২ই নভেম্বর থেকে রাজ্য জুড়ে ভোটার তালিকা সংশোধনের কাজ শুরু হতে চলেছে। ডিসেম্বরের মাঝামাঝি পর্যন্ত এই কাজ চলবে।

\*\*\*\*\*

আগামী ২৫ শে নভেম্বর থেকে রাজ্য বিধানসভার অধিবেশন বসতে চলেছে।  
ঐদিন প্রথমে কার্য উপদেষ্টা কমিটির বৈঠক ও পরে শোক প্রস্তাব অনুমোদনের পর অধিবেশন দিনের মতো মূলতবি হয়ে যাবে।

অধিবেশনে আবাস যোজনা এবং ১০০ দিনের কাজ প্রকল্পে কেন্দ্রীয় বঞ্চনা নিয়ে আলোচনার জন্য রাজ্য সরকার দুটি পৃথক প্রস্তাব আনবে বলে জানা গেছে।  
সাত থেকে দশ দিন এই অধিবেশন চলবে।

\*\*\*\*\*

যাত্রীদের সুবিধায় দূরপাল্লার ট্রেনে সংরক্ষিত আসনে টিকিট বুকিং-এর সময়সীমা দু'মাস করার সিদ্ধান্ত কার্যকরী হচ্ছে আজ থেকে।  
এক্সপ্রেস বা মেইল ট্রেনে এর আগে ১২০ দিন বা চারমাস আগে সংরক্ষিত আসনের জন্য বুকিং করতে হত। আজ থেকে সেই সময়ের ব্যবধান কমিয়ে সর্বোচ্চ ৬০ দিন বা দুমাস করা হচ্ছে। এর ফলে আরও বেশি সংখ্যক যাত্রী কনফার্ম টিকিটের সুবিধা পাবেন বলে রেলের তরফে জানানো হয়েছে।

\*\*\*\*\*

দীপাবলি ও ছট পূজা উদযাপনে রেল যাত্রাকে সুরক্ষিত রাখতে ভারতীয় রেল বিশেষ কর্মসূচি চালাচ্ছে।  
পূর্ব রেলের হাওড়া, শিয়ালদা, কলকাতা, মালদা টাউন, ভাগলপুর, আসানসোল থেকে এই ট্রেনগুলি চালানো হবে। দিল্লি, পাটনা, মুম্বাই, ডিব্রুগড়, পুরী, দীঘা, জয়নগর সহ রাজ্য ও দেশের বিভিন্ন জায়গায় পৌঁছে দেবে ট্রেনগুলি।

\*\*\*\*\*

ছাত্রীকে ধর্ষণের অভিযোগে কোচিং সেন্টারের অংকের এক শিক্ষককে গতকাল গ্রেপ্তার করেছে বর্ধমান মহিলা থানার পুলিশ। শহরের পার্কাস রোডে কোচিং সেন্টার থেকে শুভব্রত দত্ত নামে ওই ব্যক্তিকে গ্রেপারের পর পকসো আইনে মামলা রুজু করা হয়।

ধৃতকে গতকাল বর্ধমান CJM আদালতে পেশ করা হলে বিচার বিভাগীয় হেফাজতে পাঠিয়ে ৬ নভেম্বর পকসো আদালতে পেশের নির্দেশ দেন ভারপ্রাপ্ত সিজিএম। ধৃতের মেডিক্যাল পরীক্ষা করানোর নির্দেশ দেওয়া হয়েছে।

পুলিস সূত্রে জানা গিয়েছে, বর্ধমান থানা এলাকার বাসিন্দা বছর ষোলোর ওই ছাত্রীর বাবার অভিযোগ, তাঁর মেয়ের সঙ্গে অভিযুক্ত শিক্ষক দুর্ব্যবহার করে। কয়েকবার ফ্ল্যাটে নিয়ে গিয়ে তাঁর মেয়েকে ধর্ষণও করা হয়। বুধবার ওই ঘটনার কথা মেয়ে তাঁদের জানায়। এরপরই বেশকিছু লোকজন নিয়ে কোচিং সেন্টারে হানা দেয় ছাত্রীর পরিবারের লোকজন। অভিযুক্ত শিক্ষককে মারধর করা হয় বলে অভিযোগ।

এদিকে, ওই শিক্ষকের বিরুদ্ধে ওঠা অভিযোগ মানতে নারাজ কোচিং-এর অনেক অভিভাবক ও পড়ুয়ারা। আইনি লড়াই-এ তাঁরা শিক্ষকের পাশে থাকবেন বলে জানান।

\*\*\*\*\*

দক্ষিণ ২৪ পরগনার কুলতলীতে মূক ও বধির এক মহিলাকে ধর্ষণের ঘটনায় ধৃতকে ১৪ দিনের জেল হেফাজতের নির্দেশ দেওয়া হয়েছে। এই ঘটনায় প্রতিবেশী এক প্রৌড়কে গ্রেফতার করেছিল পুলিশ। ধৃতকে বারুইপুর মহকুমা আদালতে পেশ করা হলে তাকে জেল হেফাজতের নির্দেশ দেওয়া হয়। পুলিশ ও স্থানীয় সূত্রের খবর, গত মঙ্গলবার দুপুরে বছর চল্লিশের মহিলাকে তাঁর প্রতিবেশী প্রৌড় রাস্তার ধারে ঝোপে ডেকে নিয়ে গিয়ে ধর্ষণ করে। স্থানীয়রা প্রৌড়কে ধরে পুলিশের হাতে তুলে দেয়। রাজ্যে নারী নির্যাতন নিয়ে বিজেপি নেতা দিলীপ ঘোষ বলেন-

( বাইট দিলীপ ঘোষ )

\*\*\*\*\*

নদীয়ার কল্যাণী গণধর্ষণ কাণ্ডে ধৃত আটজনের ৪ জনকে গতকাল কল্যাণী আদালতে পেশ করা হলে তাদের জেল হেফাজতের নির্দেশ দিয়েছেন বিচারক। এর আগে আরো ৪ জনকেও ১৪ দিনের জেল হেফাজত দেওয়া হয়।

উল্লেখ্য, কল্যাণী থানার কাঁচরাপাড়া রেল সেতুর নীচ দিয়ে স্বামীর সঙ্গে যাওয়ার সময় এক গৃহবধূকে গণধর্ষণ করা হয়। ওই ঘটনায় পুলিশ মোট ৮ জনকে গ্রেপ্তার করে।

\*\*\*\*\*

জমি বিবাদের জেরে হাওড়ার জগাছা থানার উনসানি গড়ফায় বেশ কিছু বাড়িতে গতকাল ভাঙ্গচুর এবং আগুন ধরানো হয়। একটি জমির মালিকানা নিয়ে ক্লাব ও এক বাসিন্দার বিবাদ আদালতে গড়ালেও, সেই জমিতেই ক্লাব কর্তৃপক্ষ নতুন করে নির্মাণ কাজ শুরু করলে দু'পক্ষের মধ্যে হাতাহাতি শুরু হয়। আহত হন বেশ কয়েকজন। গতকাল দুপুরের পর ফের দু'পক্ষের মধ্যে সংঘর্ষ বাধলে চলে ইটবৃষ্টি, বাড়ি-গাড়ি ভাঙ্গচুর ও দোকানে আগ্নেসংযোগ।

ওই বাসিন্দার অভিযোগ, তাঁদের জমির বৈধ কাগজপত্র থাকা সত্ত্বেও ক্লাব কর্তৃপক্ষ মামলা চলাকালীন ইঞ্জাংশান থাকলেও নির্মাণ কাজ শুরু করেছে। বাধা দিতে গেলে ক্লাবের সদেররা তাঁদের ওপর হামলা চালায় এবং বাড়িতে ভাঙ্গচুর করে। শাসক দলের মদতেই দুষ্কৃতীদের এই আক্রমণ বলে তাঁর অভিযোগ।

\*\*\*\*\*

ভুটানের থিম্পুতে ইস্টবেঙ্গল, আজ এএফসি চ্যালেঞ্জ লীগে গ্রুপ এ-র ম্যাচে লেবাননের নেজমেহ এফ সি-র বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে ভারতীয় সময় দুপুর সাড়ে তিনটেয়।

কোয়ার্টার ফাইনালে যেতে হলে ইস্টবেঙ্গলকে এই ম্যাচে জিততেই হবে। অন্যদিকে ড্র করলেই নেজমেহ নক আউট পর্বে পৌঁছে যাবে। নেজমেহ দুটি ম্যাচে জিতে ছয় পয়েন্ট নিয়ে গ্রুপ শীর্ষে আছে। সমসংখ্যক ম্যাচে দ্বিতীয় স্থানে থাকা ইস্টবেঙ্গলের পয়েন্ট চার।

প্রতিযোগিতার নিয়ম অনুযায়ী গ্রুপের শীর্ষ স্থানে থাকা দল সরাসরি কোয়ার্টার ফাইনালে যাবে। দ্বিতীয় স্থানে থাকা পাঁচটি গ্রুপের সেরা তিনটি দল শেষ আটে যাবে। সেক্ষেত্রে ড্র করলে ইস্টবেঙ্গলের কোয়ার্টার ফাইনালে যাবার সম্ভাবনা থাকছে।

\*\*\*\*\*